# বাংলাদেশ কোস্ট গার্ড-এর চলমান উন্নয়ন প্রকল্পের অগ্রগতি

১। **“এনহ্যান্সমেন্ট অব অপারেশনাল ক্যাপাবিলিটি অব বাংলাদেশ কোস্ট গার্ড” শীর্ষক প্রকল্প।** প্রকল্পের আওতায় ৩টিটি ইনশোর প্যাট্রল ভেসেল (আইপিভি) নির্মাণের জন্য খুলনা শিপইয়ার্ড লিঃ (খুশিলি) এর সাথে গত ১৭ জুলাই ২০১৬ চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী চুক্তি অনুযায়ী ৩টি আইপিভি নির্মাণকাজ গত ৩০ এপ্রিল ২০১৯ এ সম্পন্ন হওয়ায় গত ২০ জুন ২০১৯ কোস্ট গার্ড কর্তৃক জাহাজসমূহ আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা হয় এবং বিগত ১৫ নভেম্বর ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কমিশনিং করা হয়। উক্ত প্রকল্পের আওতায় ১টি ফ্লোটিং ক্রেন১টি ফ্লোটিং ক্রেন নির্মাণের জন্য খুলনা শিপইয়ার্ড লিঃ (খুশিলি) এর সাথে গত ২৭ নভেম্বর ২০১৬২৭ নভেম্বর ২০১৬ চুক্তি স্বাক্ষরিত হয়। নির্মাণাধীন ১টি ফ্লোটিং ক্রেন এর সকল মেশিনারী স্থাপন সম্পন্ন শেষে গত ১৪ জুন ২০২০ এ জাহাজটি লঞ্চ করা হয়েছে। চুক্তি অনুযায়ী খুশিলি কর্তৃক ফ্লোটিং ক্রেনটি নির্মাণ শেষে আনুমানিক ৩০ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর করা হবে আশা করা যায়। এছাড়া উক্ত প্রকল্পের আওতায় ৬টি হাইস্পিড বোট (বড়)৬টি হাইস্পিড বোট (বড়) নির্মাণের জন্য খুলনা শিপইয়ার্ড লিঃ (খুশিলি) এর সাথে গত ০৪ জুন ২০১৭০৪ জুন ২০১৭ চুক্তি স্বাক্ষরিত হয়। বোটের সকল মালামাল বোটের সকল মালামাল স্থাপন শেষে বোটসমূহ গত ৩০ মে ২০২১ লঞ্চ করা হয়েছে। চুক্তি অনুযায়ীলঞ্চ করা হয়েছে। চুক্তি অনুযায়ী খুশিলি কর্তৃক ০৬টি হাইস্পিড বোট আনুমানিক ৩০ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ কোস্ট গার্ড-এর নিকট হস্তান্তর করা হবে আশা করা যায়।।







**নির্মিত আইপিভিসমূহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কমিশনিং**




**নির্মানাধীন ফ্লোটিং ক্রেন**




**নির্মানাধীন ০৬টি হাই স্পিড বোট (বড়)**

২। **“বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য বিভিন্ন প্রকার জলযান নির্মাণ” (বিশেষ সংশোধনী) শীর্ষক প্রকল্প (প্রাক্কলিত মূল্য ৪৩৭৬২.১৩ লক্ষ) (অনুমোদিত)।** প্রকল্পটির আওতায় ৫ প্রকারের মোট ১৪টি জলযান (২টি ইনশোর প্যাট্রোল ভেসেল (আইপিভি), ২টি টাগ বোট, ৬টি হাইস্পিড বোট (বড়), ২টি হাইস্পিড বোট (ফেরি) এবং ২টি হাইস্পিড বোট (ডাইভিং) ক্রয় অন্তর্ভূক্ত রয়েছে। তন্মধ্যে ২টি আইপিভি (জিডি-১) নির্মাণের জন্য গত ০৬ জুন ২০১৭ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং গত ১২ ডিসেম্বর ২০১৭ তারিখে কিল লেয়িং অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। অদ্যাবধি ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির বিল পরিশোধ করা হয়েছে। গত ০৩ ও ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ১ম ও ২য় আইপিভির লঞ্চিং হয়েছে। বর্তমানে আইপিভিদ্বয়ের HAT/SAT কার্যক্রম চলমান রয়েছে। আনুমানিক অক্টোবর ২০২১ নাগাদ আইপিভিদ্বয় বাংলাদেশ কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর করা হবে। ২টি টাগ বোট (জিডি-২) নির্মাণের জন্য গত ২০ ফেব্রুয়ারি ২০১৮ খুলনা শিপইয়ার্ড এর সাথে ক্রয় চুক্তি স্বাক্ষরিত হয় এবং গত ২৬ এপ্রিল ২০১৮ তারিখে কিল লেয়িং অনুষ্ঠিত হয়েছে। উক্ত টাগ বোটের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির বিল পরিশোধ করা হয়েছে। টাগ বোট দুটি যথাক্রমে গত ১৪ ডিসেম্বর ২০১৯ এবং ২৮ ডিসেম্বর ২০১৯ তারিখে লঞ্চিং সম্পন্ন হয়েছে। আনুমানিক অক্টোবর ২০২১ নাগাদ বাংলাদেশ কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর করা হবে। ৬টি হাইস্পিড বোট (বড়) (জিডি-৩)

নির্মাণের জন্য গত ২৬ ডিসেম্বর ২০১৭ তারিখে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস্ লিমিটেড এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং গত ০১ আগস্ট ২০১৮ তারিখে কিল লেয়িং অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির বিল পরিশোধ করা হয়েছে। ইতোমধ্যে বোটসমূহ আনডকিং হয়েছে। বর্তমানে বোটসমূহের HAT/SAT কার্যক্রম চলমান রয়েছে। আগামী সেপ্টেম্বর ২০২১ নাগাদ বাংলাদেশ কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর করা হবে। ২টি হাইস্পিড বোট (ডাইভিং) (জিডি-৪) ও ২টি হাইস্পিড বোট (ফেরি) (জিডি-৫) এর ক্রয় চুক্তি গত ২৩ এপ্রিল ২০১৯ তারিখে খুলনা শিপইয়ার্ড এর সাথে সম্পাদিত হয়েছে এবং গত ২০ জুন ২০১৯ তারিখে কিল লেয়িং অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। উভয় বোটদ্বয়ের ১ম ও ২য় কিস্তির বিল পরিশোধ করা হয়েছে। বর্তমানে হাল কনস্ট্রাকশনের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং মেশিনারিজ/ইকুইপমেন্ট স্থাপন কাযক্রম প্রক্রিয়াধীন। আনুমানিক ডিসেম্বর ২০২১ নাগাদ বাংলাদেশ কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর করা হবে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিতে ১৭০৪৫.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায় এবং বরাদ্দকৃত সম্পূর্ণ অর্থ ব্যয় হবে বলে আশা করা যায়।

**<u>জলযানসমূহের সর্বশেষ অবস্থার চিত্র</u>**




**জিডি ১ - ২টি ইনশোর প্যাট্রোল ভেসেল (আইপিভি)**




**জিডি ২ - ২টি টাগ বোট**



**জিডি ৩ - ৬টি হাইস্পিড বোট (বড়)**



**জিডি ৪ - ২টি হাইস্পিড বোট (ডাইভিং)**



**জিডি ৫ - ২টি হাইস্পিড বোট (ফেরি)**

৩। **‘বাংলাদেশ কোস্ট গার্ড এর জন্য লজিস্টিকস্ ও ফ্লিট মেইনটেন্যান্স ফ্যাসিলিটিস গড়ে তোলা’ শীর্ষক প্রকল্প** প্রকল্পের আওতায় মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলায় বাংলাদেশ কোস্ট গার্ড এর নিজস্ব ডকইয়ার্ড নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পটি ২১ জুন ২০১৮ একনেক সভায় অনুমোদিত হয় এবং ৩০ জুলাই ২০১৮ স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হয়। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধির নিমিত্তে সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (আরডিপিপি) প্রেরণ করা হয়েছে।

ক। জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের WD-1 প্যাকেজভুক্ত ১১ তলা বিশিষ্ট সিএসডি প্রশাসনিক ভবন এর ১১ তম তলা পর্যন্ত ছাদ ঢালাই সম্পূর্ণ হয়েছে এবং WD-2 প্যাকেজভুক্ত ১০ তলা বিশিষ্ট অফিসার্স মেস ভবনের ১০ম তলা পর্যন্ত ছাদ ঢালাই সম্পূর্ণ হয়েছে । উল্লেখিত ভবনদ্বয়েরে ইটের গাঁথুনি ও প্লাস্টারের কাজ চলমান রয়েছে। সিএসডি প্রশাসনিক ভবন এর বাস্তব অগ্রগতি ৬০% এবং অফিসার্স মেস ভবনের বাস্তব অগ্রগতি ৭০%।

খ। এছাড়া WD-6 প্যাকেজভুক্ত ভূমি উন্নয়ন, বাউন্ডারি ওয়াল নির্মাণ, গার্ড রুম কাম রিসিপশন রুম, আরসিসি রোড নির্মাণ এবং WD-7 প্যাকেজভুক্ত মাস্টার ড্রেন নির্মাণ, ৫০,০০০ গ্যালন ভূ-গর্ভস্থ জলাধার নির্মাণ, ১৫০ ও ৩০০ মি.মি. জিআই নলকূপ স্থাপনের জন্য ০১ অক্টোবর ২০২০ তারিখ ঠিকাদারি প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর হয়েছে এবং নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ভূমি উন্নয়নের কাজ ৩০% এবং ৫০,০০০ গ্যালন ভূ-গর্ভস্থ জলাধার নির্মাণের কাজ ২০% সম্পন্ন হয়েছে।

গ। WD-5 প্যাকেজভুক্ত ৬ তলা বিশিষ্ট জেসিও ব্যারাক ও নাবিক ব্যারাক ভবনদ্বয়ের নির্মাণের জন্য ২২ ফেব্রুয়ারি ২০২১ ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। ভবনদ্বয়ের সার্ভিস পাইল ঢালাই এর কাজ সম্পন্ন হয়েছে। বাস্তব অগ্রগতি ১০%।

ঘ। পরামর্শক কর্তৃক প্রকল্পের বিশেষায়িত অংগ্গ স্লিপওয়ে, উইন্চ হাউজ, নদীরক্ষা বাঁধ ও ওয়ার্কশপসমূহের ড্রয়িং ডিজাইন প্রণয়নের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া GD-4 প্যাকেজভুক্ত বিভিন্ন যন্ত্রপাতি ও সরঞ্জামের কারিগরি বিনির্দেশ তৈরীর কাজ ৯৫% সম্পন্ন হয়েছে।

ঙ। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধি এবং ডিপিপি সংশোধনের নিমিত্তে গত ১৪ জুলাই ২০২১ পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (আরডিপিপি) প্রস্তুত করতঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

চ। জুলাই ২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৩০৬০.৮৮ লক্ষ টাকা। চলতি ২০২১-২০২২ অর্থবছরে বাৎসরিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তে ৩৭৭৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে।



**প্রকল্পের বাস্তব অগ্রগতি**

৪। **<u>বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য 'THE PROJECT FOR THE IMPROVEMENT OF RESCUE CAPACITIES IN THE COASTAL AND INLAND WATERS' শীর্ষক প্রকল্প</u>**। প্রকল্পের আওতায় জাপান সরকারের JICA অনুদান হিসেবে ২৪টি রেসকিউ বোট (০৪টি ২০ মিটার এবং ২০টি ১০ মিটার) পরিকল্পনা অনুমোদিত হয়।

ক। **<u>১০ মিটার রেসকিউ বোটঃ</u>** ১ম ধাপে ১০টি ১০ মিটার রেসকিউ বোটের নির্মাণ কাজ সম্পন্ন করত গত ২৩ ডিসেম্বর ২০২০ বাংলাদেশ কোস্ট গার্ডের নিকট হস্তান্তর করেছে। অবশিষ্ট ১০টি বোট এর মধ্যে ০৮টি রেসকিউ বোট গত ১৭ মে ২০২১ এবং ০২টি রেসকিউ বোট ২১ জুন ২০২১ চট্টগ্রাম বন্দরে এসে পৌঁছায়। এর পর বোট সমূহের যাবতীয় টেস্ট ট্রায়াল সম্পন্ন করতঃ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ৩০ জুন ২০২১ বাংলাদেশ কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর করা হয়েছে।







**<u>১ম ধাপে ১০টি ১০ মিটার রেসকিউ বোট কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর</u>**






**<u>২য় ধাপে ১০টি ১০ মিটার রেসকিউ বোট কোস্ট গার্ড এর নিকট হস্তান্তর</u>**



**<u>সী-ট্রায়াল ১০ মিটার রেসকিউ বোট</u>**

খ। **<u>২০ মিটার রেসকিউ বোটঃ</u>** ০৪টি ২০ মিটার রেসকিউ বোট ৩০ জুন ২০২১ এর মধ্যে বাংলাদেশ কোস্ট গার্ড এর নিকট হস্তান্তরের চুক্তি থাকলেও বিরাজমান কোভিড-১৯ এর পরিস্থিতির কারনে নতুন সিডিউল অনুযায়ী নভেম্বর ২০২১ এর মধ্যে সরবরাহ করবে বলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক জানানো হয়।







**২০ মিটার রেসকিউ বোটের চলমান কার্যক্রম**




**২০ মিটার রেসকিউ বোট**